গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
দুমকি, পটুয়াখালী।
https/: dls.dumki.patuakhali.gov.bd

স্মারক নং-৩৩.০১.৭৮৫৫.০০০.১৪.০২৭.২১-৫০৯ তারিখঃ ২১/১১/২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক "প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প" এর আওতায় অত্র উপজেলায় ১(এক) জন 'কমিউনিটি এক্সটেনশন এজেন্ট' (C.E.A) এবং প্রতি ইউনিয়ন থেকে ২ (দুই) জন করে উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারী, ২ (দুই) জন করে অধিক প্রোটিন সমৃদ্ধ ঘাসের বীজ বিতরণের জন্য বীজ গ্রহণকারী খামারী এবং ৪ জন করে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচন করা হবে।

নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ(যদি থাকে), অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি স্বহস্তে লিখিত দরখাস্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা, দুমকি, পটুয়াখালী ও সভাপতি, "প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের " আওতায় কমিউনিটি এক্সটেনশন এজেন্ট ও অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি বরাবর আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২২/১১/২০২১ খ্রি. হতে ৩০/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালিন সময়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের অনুরোধ করা হলো।

## যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ

কমিউনিটি এক্সটেনশন এজেন্টদের ক্ষেত্রে (১-৬) যোগ্যতা থাকতে হবে

১। অত্র উপজেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ হতে হবে।
৪। পুরুষ/নারী উভয়েই আবেদন করতে পারবেন।
৫। কর্মঠ স্ব - উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুনাবলি থাকতে হবে।
৬। অন্য কোন এনজিওতে বা প্রতিষ্ঠানে কর্মরতদের আবেদন করার প্রয়োজন নেই।
৭। উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারীর ক্ষেত্রে ১০ শতক বর্গা বা নিজস্ব জমি থাকতে হবে।

২১/১১/২০২১

(ডা. মোঃ ইউনুস আলী)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
দুমকি, পটুয়াখালী ।
Mob: 01713726756
E mail: ulo.dumki.dls@gmail.com
ও
সদস্য সচিব
প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায়
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট ও অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি